

বাক্য ও বাক্য

প্রকরণ

তানহি খান তানহা



P2A

বিভিন্ন বিসিএসে আসা প্রশ্ন

- কোনটি সার্থক বাক্যের গুণ নয়? - ৩৮ বিসিএস
- এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো'- এ বাক্য কোন ধরনের? - ৪১ বিসিএস
- বাক্যের কয়টি অংশ থাকে? - ৪২ বিসিএস
- ডেকে ডেকে হয়রান হচ্ছি- এ বাক্যে ডেকে ডেকে কোন অর্থ প্রকাশ করে? - ৪৩
বিসিএস
- নিচের কোনটি যৌগিক বাক্য? - ৪৪ বিসিএস

বাক্য -

$\sqrt{৫৬+৫}$

১৭-৮-৬

প্রকাশন
 $১৫ + \sqrt{৫} + ৩৫$

- ভাষার মূল উপকরণ বাক্য। বাক্যে ব্যবহৃত প্রতিটি শব্দকে পদ বলে। বক্তার মনোভাব সম্পূর্ণভাবে প্রকাশ হলেই তা বাক্যের পর্যায়ে পড়ে।

বাক্যের দুটি অংশ থাকে

সুমন্য

উদ্দেশ্য^w

পড়ছে

বিধেয়

সাদিয়া বিসিএস
ক্যাডার বিয়ে করবে



উদ্দেশ্য ও বিধেয়

প্রতিটি বাক্যের দুটি অংশ থাকে- **উদ্দেশ্য ও বিধেয়**।

বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে

বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা কিছু বলা হয়, তাই বিধেয়।

বাক্য প্রকরণ

ভাষার বিচারে/ব্যাকরণ অনুযায়ী একটি সার্থক বাক্যের ৩টি
গুণ থাকতেই হবে/আবশ্যক-

✓ ✓ ✓
আকাঙ্ক্ষা, আসক্তি, যোগ্যতা

অন্যটি
✓

আকাঙক্ষা

রাব্বী বিসিএস ক্যাডার না হলে সাদিয়ার পরিবার...

রাব্বী বিসিএস ক্যাডার হলে...

সম্পূর্ণ বাক্য হবে



রাব্বী বিসিএস ক্যাডার না হলে সাদিয়ার পরিবার ওকে মেনে
নিবেনা। ✓

রাব্বী বিসিএস ক্যাডার হলে সাদিয়াকে রাব্বীর পরিবার মেনে
নিবেনা। ✓

আসত্তি

আপু আছে রাগ বসে পার্কে করে

উচিত থাকা মাঝেই সবার দেশপ্রেম




আসত্তি

বাক্যের পদগুলোকে সঠিক ক্রমে (Order) বিন্যস্ত করে বক্তার মনোভাব সঠিক ও পরিষ্কার করে বোঝানোর কৌশলই আসত্তি গুণ।

আপু রাগ করে পার্কে বসে আছে। ✓

সবার মাঝে ~~রা~~ দেশপ্রেম থাকা উচিত।



যোগ্যতা



গরু আকাশে উড়ে

যোগ্যতা



দ্রষ্টব্য
গরু মাংস খায়

যোগ্যতা

বাক্যটিতে আকাঙ্ক্ষা গুণও যেমন আছে, তেমনি এতে আসত্তি গুণও আছে। কিন্তু বাক্যটি সার্থক বাক্য নয়। কারণ, গরু আকাশে উড়ে না। সুতরাং, বাক্যের পদগুলোর মধ্যে অর্থগত এবং ভাবগত কোনই মিল নেই। বাক্যটি যদি এভাবে লেখা হয়-

পাখি আকাশে উড়ে।



তাহলে বাক্যটির পদগুলোর মধ্যে অর্থগত ও ভাবগত মিল পাওয়া যাচ্ছে। ফলে এটি একটি যোগ্যতা গুণ সম্পন্ন সার্থক বাক্য।

বাক্যের শব্দগুলোর অর্থগত ও ভাবগত মিলকেই যোগ্যতা বলে।



বাক্যের যোগ্যতার ক্ষেত্রে নিচের বিষয়গুলো জড়িত-

ক) গুরুচণ্ডালী দোষ

✓ খ) বাহুল্য দোষ


গ) উপমার ভুল প্রয়োগ

ঘ) রীতিসিদ্ধ অর্থবাচকতা

ঙ) দূর্বোধ্যতা

চ) বাগধারার শব্দ পরিবর্তন।

গুরুচণ্ডালী দোষ



গরুর গাড়ি

শব্দদাহ

মড়াপোড়া

তৎসম শব্দের সাথে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

✓ গুরুচণ্ডালী দোষ

কারসোড়ি
X

কারসো তৎসম

গরুর গাড়ি (বাংলা + বাংলা)

শবদাহ (তৎসম + তৎসম)

মড়াপোড়া (দেশি + দেশি)

গরুর কারসো

গরুর কারসো
২৫

মড়াপোড়া
X

তৎসম শব্দের সাথে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

বাহুল্য দোষ

দেশে

সকল ছাত্রদের ইচ্ছা হলো বিসিএস ক্যাডার
হওয়া।

দেশের সব আলেমগণই এ ব্যপারে
আমাদের সমর্থন দিয়েছেন।



উপমার ভুল প্রয়োগ

উপমা-অলংকার সঠিকভাবে ব্যবহার করতে হবে। এগুলোর প্রয়োগে কোন ভুল হলে বাক্য তার ভাবগত যোগ্যতা হারাতে পারে।

আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উগ্ঠ হল

শোকসাগরে সে উড়ে বেড়ায়

নির্মলতা

বাগধারার শব্দ পরিবর্তন

বনে ক্রন্দন

মরণে ভেদন

X



বাগধারার শব্দ পরিবর্তন

আইসক্রিম

চুই

ফল

আটটি কলা



দুৰ্বোধ্যতা

তুমি আমার সাথে প্রপঞ্চ করেছ!

অপ্রচলিত কিংবা দুৰ্বোধ্য শব্দ ব্যবহার
করলে বাক্য তার যোগ্যতা গুণ হারায়।



রীতিসিদ্ধ

অর্থবাচকতা

কৃষি

কৃষি

কৃষি-মহা

কৃষি + কৃষি

কৃষি

কৃষি

গবেষণা

কৃষি + কৃষি



রীতিসিদ্ধ অর্থবাচকতা

হস্তী

বাধিত

বৃত্তি



বাক্য

✓ → ২ - ইচ্ছা/নিষি
যুগ → মেসাজ

✓

গঠন অনুসারে

১. সরল বাক্য
২. জটিল বাক্য
৩. যৌগিক বাক্য

অর্থানুসারে ✓

১. বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বা বিবৃতিমূলক
২. প্রশ্নবোধক বাক্য
৩. অনুজ্ঞাবাচক বাক্য
৪. ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য
৫. কার্যকারণাত্মক বাক্য
৬. সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য
৭. আবেগসূচক বাক্য

গঠন অনুসারে

- সরল বাক্য [✓] (১টি সমাপিকা ক্রিয়া)
- জটিল বাক্য (২টি সমাপিকা ক্রিয়া) (পরস্পর সাপেক্ষ বা নির্ভরশীল)
- যৌগিক বাক্য (২টি সমাপিকা ক্রিয়া) (স্বাধীন)

সরল বাক্য

যে বাক্যে একটিমাত্র **কর্তা** (উদ্দেশ্য) এবং
একটিমাত্র **সমাপিকা ক্রিয়া** (বিধেয়) থাকে, তাকে
সরল বাক্য বলে।

- সরল বাক্য মানেই একটি সমাপিকা ক্রিয়া থাকবে। তবে একটি সমাপিকা ক্রিয়ার অধীনে একাধিক অসমাপিকা ক্রিয়া থাকতে পারে।

আমি বিনয় কি দেখতে দেখতে, হাসতে
হাসতে লুটিয়ে দাঙলেন।

মতল

মেঘ গর্জন করে, ময়ূর নৃত্য করে।

মেঘ গর্জন করলে

ময়ূর নৃত্য করে।

গর্জন



যদি আমি বেতন চাই
নতুন মোবাইল কিনবো

আমি বেতন পেলে

নতুন মোবাইল কিনবো

হ্যাঁ



সরল বাক্য

- মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে ।
- পরীক্ষা ভালো হলে ভর্তি হওয়ার সম্ভাবনা আছে- ।
- তুমি এলে আমি যাব- ।
- লোকটি ধনী হলেও অসুখী- ।
- চুল পাকলেও তার বুদ্ধি পাকেনি-
- তোমাকে হাসতে হাসতে যেতে দেখলাম-
- আমার দেখা শেষ হয়েছে-
- তোমার বলা ভালো হয়েছে-
- কথা বলার মতো একজন মানুষ পেলাম না-
- ছবিটি দেখানো উচিত ছিল-

তিনি আমার জেষ্ঠ্য ভ্রাতৃ

সরল বাক্য

- হযরত মুহম্মদ (স) একজন আদর্শ মানব ছিলেন-
- শিক্ষক আমাদের উপদেশ দিয়ে বিদায় দিলেন-
- সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত- (২৭)
- রাকিব খুব ভালো ছাত্র-
- বিদ্বান লোক সর্বত্র আদরনীয়-



ব্যাপারটি নিয়ে ঘাঁটাঘাঁটি করলে ফল ভালো হবে না-



জটিল বাক্য

দুটি মাসের
নির্ভরতা

যে বাক্যে একটি প্রধান বাক্যের এক বা একাধিক অপ্রধান খণ্ড বাক্য পরস্পর

সাপেক্ষভাবে ব্যবহৃত হয় তাকে মিশ্র বা জটিল বাক্য বলে।

যেমন- যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম।

তার দর্শন দেখে আমরা
প্রস্থান করলাম

যে ব্যক্তি পরিশ্রম করে, সে সুখী হয়।

পরিশ্রমী ব্যক্তি
সুখী হই

কিছু সাপেক্ষ সর্বনাম এবং সাপেক্ষ যোজক যেমন: যে-সে, যারা-তারা, যা-তা, যাঁরা-তাঁরা, যিনি-
তিনি, যেই-সেই, যদি-তবে, যদি-তাহলে, যদিও, তবু, যারা-তারা, যত-তত, যেটুকু-সেটুকু, যখন-
তখন, যেমন-তেমন, যেইনা-অমনি, যেহেতু সেহেতু/সেজন্য/সুতরাং ইত্যাদি থাকলে বাক্যটি দিয়ে
ছাড়া জটিল বাক্য হবে।

যে ছেলেটি এখানে এসেছিল, সে আমার ভাই।

যেহেতু বৃষ্টিতে ভিজেছ, সেহেতু সর্দি তোমার হবেই।

যখন বৃষ্টি নামল, তখন আমরা ছাতা খুঁজতে শুরু করলাম।

যে ব্যক্তির মাথায় বুদ্ধি নেই, সে পরের সমালোচনায় উদ্বিগ্ন হয়।

যাদের বুদ্ধি নেই, তারাই একথা বিশ্বাস করবে।

জটিল বাক্য

- যে মানুষটি দাঁড়িয়ে আছে, তাকে একটি চেয়ার দাও-
- যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম-
- লেখাপড়া করে যে, গাড়ি ঘোড়ায় চড়ে সে-

জটিল বাক্য

- যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চলো রে-
- যে তোমার মঙ্গল চায়, সেই তোমার বন্ধু

যৌগিক বাক্য

দুই বা দুয়ের অধিক সরল বা জটিল বাক্য যখন একত্র হয়ে একটি সম্পূর্ণ বাক্য তৈরি করে, তখন তাকে যৌগিক বাক্য বলে।

কোথাও শান্তি পাইনি, তাই তোমার কাছে এসেছি।

কোথাও শান্তি না পেয়ে
কোথাও - কোথাও এসেছি

এত কোথাও শান্তি
এত - তোমার কাছে এসেছি

যৌগিক বাক্য

- লোকটি সং তাই সকলে তাকে সম্মান করে-
- বিপদ এবং দুঃখ একই সাথে আসে-
- সত্যি কথা বলিনি তাই বিপদে পড়েছি-

৩
২৪০-

যৌগিক বাক্য

তার বয়স বেড়েছে কিন্তু বুদ্ধি বাড়েনি-

কর অথবা মর

এসো অথবা যাও-

দেখ কিংবা শোন-

কিছু অব্যয় যেমন— এবং, ও, আর, অথচ, বরং, তথাপি, কিন্তু, কিংবা, নতুবা, অতএব, তাই, তারপর ইত্যাদি দিয়ে যুক্ত থাকলে বাক্যটি চিন্তা ছাড়া যৌগিক বাক্য হবে। এখানে মনে রাখতে হবে যে, অব্যয়টি দুটি কর্তা বা দুটি বাক্য বা দুটি পদকে যুক্ত করবে এবং বাক্যে অব্যয়টির আগে ও পরে দুটি সমাপিকা ক্রিয়া থাকবে।

তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ

তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয় নি।

ভালো করে পড়ো, নতুবা পাশ করতে পারবে না-

অন্তঃকরণ
উচ্চ
বুদ্ধি
হয়
নি

অর্থানুসারে বাক্য সাত প্রকার।

- ✓ ১. বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বা বিবৃতিমূলক
- ✓ ২. প্রশ্নবোধক বাক্য
- ✓ ৩. অনুজ্ঞাবাচক বাক্য
৪. ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য
৫. কার্যকারণাত্মক বাক্য
৬. সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য
৭. আবেগসূচক বাক্য

বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বা বিবৃতিমূলক বাক্য:

- যে বাক্যে কোনো ঘটনার ভাব থাকে এবং সে বক্তব্যকে সাধারণত বিবৃত বা নির্দেশ করা হয়, তাকে বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বা বিবৃতিমূলক বাক্য বলে।
- যেমন: সে ঢাকা যাবে। সে ঢাকা যাবে না।

বর্ণনাত্মক বা নির্দেশাত্মক বা বিবৃতিমূলক বাক্য:

অস্তিত্বাচক (হ্যাঁ বাচক)

নেতিবাচক (না বাচক)

প্রশ্নবোধক বাক্য

প্রশ্নবোধক বাক্য দু ধরনের হতে পারে- (ক) হ্যাঁ-না বাচক ও (খ) বস্তুগত প্রশ্ন।

ক. হ্যাঁ-না বাচক : যে ধরনের প্রশ্নবাচক বাক্যের উত্তর হ্যাঁ বা না দিয়েই শেষ করা যায়, তাকে হ্যাঁ-না বাচক প্রশ্নবোধক বাক্য বলে। যেমন: তুমি কি বিশ্ববিদ্যালয়ে পড়?

আপনি কি কখনো জাতীয় স্মৃতিসৌধে গিয়েছেন? আমরা কি শহরে যেতে পারি?

খ. বস্তুগত প্রশ্নবোধক বাক্য : যে ধরনের প্রশ্নবাচক বাক্যের উত্তর হ্যাঁ-না দিয়ে শেষ হয় না, বিষয় বা বস্তুগত উত্তর করতে হয়, তাকে বস্তুগত প্রশ্নবোধক বাক্য বলে। যেমন; জাতীয় স্মৃতিসৌধটি কোথায়?

তুমি কোন বিশ্ববিদ্যালয়ে পড়?

গ্রীষ্মের তাপে ডাবের জলের মতো আর কী আছে?

তুমি চিকিৎসার কী জান?

অনুজ্ঞাবাচক বাক্য

- যে বাক্যে আদেশ, অনুরোধ, উপদেশ, নিষেধ, প্রস্তাব ইত্যাদি বুঝায়, তাকে অনুজ্ঞাবাচক বাক্য বলে। যেমন-

আদেশ- ঘর থেকে বের হয়ে যাও।

আমাকে ৫০টি টাকা ধার দাও।

অযথা ঋণ করিও না।

অনুমতি ছাড়া কখনো প্রধান শিক্ষকের কক্ষে প্রবেশ করবে না।

চল, মহিলা সমিতি মঞ্চে নাটক দেখে আসি।

ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য

- ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য- ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য : যে বাক্যে ইচ্ছা বা প্রার্থনাসূচক অর্থ প্রকাশ পায়, তাকে ইচ্ছা বা প্রার্থনাসূচক বাক্য বলে ।

যেমন-

আমার যেতে ইচ্ছে করে গ্রামের বাড়িতে ।

খোদা তোমার মঙ্গল করুক ।

কার্যকারণাত্মক বাক্য

- কার্যকারণাত্মক বাক্য- (কারণ, নিয়ম, শর্ত, স্বীকৃতি, সংকেত)
- কার্যকারণাত্মক বাক্য : যদ্যপি, যদি প্রভৃতি অব্যয়যোগে যে বাক্য গঠিত হয় এবং যাতে কার্যকারণ সম্পর্ক প্রকাশ পায়, তাকে কার্যকারণাত্মক বাক্য বলে।
- যেমন: দুঃখ বিনা সুখ লাভ হয় কি মহীতে । (শর্ত)
- মন দিয়ে লেখাপড়া না করলে পাস করা যায় না। (নিয়ম)
- বিশ্বের বুকে বাংলাদেশ একটি স্বাধীন রাষ্ট্র। (স্বীকৃতি)

সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য

সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য-সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য : যে ধরনের নির্দেশক বাক্যে বক্তব্য বিষয় সম্পর্কে সন্দেহ, সংশয়, সম্ভাবনা, অনুমান, অনিশ্চয়তা ইত্যাদি ভাব প্রকাশিত হয়, তাকে সংশয়সূচক বা সন্দেহদ্যোতক বাক্য বলে। এ ধরনের বাক্যে হয়ত, বুঝি, বুঝিবা, সম্ভবত, বোধ হয়, নাকি, নিশ্চয় প্রভৃতি সন্দেহসূচক ক্রিয়া-বিশেষণ ব্যবহৃত হয়।

আবেগসূচক বাক্য বা বিস্ময়সূচক বাক্য- যে বাক্যে বিস্ময়, হর্ষ, ঘৃণা, শোক, ক্রোধ, ভয় ইত্যাদি প্রকাশ পায় তাকে আবেগসূচক বাক্য বলে।

বাক্য রূপান্তর

[৪৪তম বিসিএস]

- গফুর জবাব দিল না। (অস্তিবাচক)
- যারা কীর্তিমান, তাদের মৃত্যু নেই। (সরল)
- জগতে অসম্ভব বলে কিছু নেই (জটিল)
- তার বয়স হলেও বুদ্ধি হয়নি (যৌগিক)
- এতে তার দোষ কী? (নেতিবাচক)
- ত্যাগের মহিমা বড় অপূর্ব (বিস্ময়বাচক)

কীর্তিমানের মৃত্যু নাহি
যেগত - তিনি কীর্তিমান তাহ
এদিক দ্যাখে যখনকিহু
নাহি, তে অসম্ভব বলে
[৪৪তম]

- তুমি মোটেও খারাপনা। (অস্তিবাচক)
- তিনি কাল আসবেনই। (নেতিবাচক)
- গুণী ছেলেরা সারাদিন অনলাইনে থেকেও পড়াশুনা করে (জটিল)
নেতি.
- দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেব না (যৌগিক)
- তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি (সরল)

বাক্য রূপান্তর

[৪১তম বিসিএস]

- যা করবার তা করেছি (সরল)
- আমৃত্যু একথা মনে রাখবো (জটিল)
- কথক অসুস্থতার জন্য অনুপস্থিত (যৌগিক)
- কেউ অন্ধের দুঃখ বুঝলোনা (প্রশ্নবোধক)
- মাতৃভূমিকে সবাই ভালোবাসে (নেতিবাচক)
- পাখিটি খুবই সুন্দর (বিস্ময়বাচক)

কি

কি

বাক্য রূপান্তর

নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

[৪০তম বিসিএস]

১. শহিদের মৃত্যু নেই। (অস্তিত্বাচক)
২. ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)
৩. তোমার সব জিনিসই দামি। (নেতিবাচক)
৪. জ্ঞানী হলেও তিনি বিনয়ী নন। (যৌগিক)
৫. ভুল সকলেই করে। (প্রশ্নবোধক)
৬. তিনি ধনী ছিলেন কিন্তু সুখী ছিলেন না। (সরল)

বাক্য রূপান্তর

নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

[৩৭তম বিসিএস]

১. যে ভিক্ষা চায়, তাকে দান কর। (সরল)
২. ভালোবাসার দানে কোনো অপমান নেই। (অস্তিবাচক)
৩. যেহেতু গাড়ি আসে নেই, সেহেতু আমরা বিশ্রাম নিতে পারি। (যৌগিক)
৪. আজ চাঁদ উঠেছে। (নেতিবাচক)
৫. বাংলাদেশ দলের লক্ষ্য ইংল্যান্ড দলকে অল-আউট করা। (জটিল)
৬. জীবনানন্দ দাশ বাংলাদেশে জন্মেছেন। (প্রশ্নবোধক)

বাক্য রূপান্তর

নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

[৩৬তম বিসিএস]

১. ফের যদি আসি তবে সিঁধকাঠি সঙ্গে করিয়াই আসিব। (সরল)
২. তাকে নির্দয় মনে হয় না। (অস্তিবাচক)
৩. অধ্যয়নই ছাত্রদের তপস্যা। (জটিল)
৪. জামিল বাড়িতে আছে। (নেতিবাচক)
৫. যেহেতু তার ধনসম্পদ আছে, তাই সে গর্বিত। (যৌগিক)
৬. বিদ্যাসাগর বাংলা গদ্যের জনক। (প্রশ্নবোধক)

বাক্য রূপান্তর

নিচের বাক্যগুলো নির্দেশ অনুসারে রূপান্তর করুন:

[৩৫তম বিসিএস]

- (১) যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। (সরল)
- (২) সন্ধ্যা হয়ে এলো কিন্তু ট্রেনের খোঁজ নেই এখনো। (জটিল)
- (৩) পনের মিনিট পর তিনি এলেন। (যৌগিক)
- (৪) পুকুরপাড়ে এখন কেউ নেই। (অস্তিত্ববাচক)
- (৫) কোথাও কি তিনি আছেন? (নেতিবাচক)
- (৬) গোলাপটি অত্যন্ত সুন্দর। (বিস্ময়সূচক)

বাক্য রূপান্তর

সে এলো; কথা বললো; চলে গেল । (জটিল বাক্য)


যখন সে এলো তখন কথা বলে চলে গেলো ।

সে 'কি' নিয়ে তর্ক করছে । (প্রশ্ন বাক্য)

সে কী তর্ক করছে?

আমি প্রশ্ন করি নি । (উত্তর বাক্য)

আমি নীরব ছিলাম ।



বাক্য রূপান্তর

সরল বাক্য: ঘাটে পৌঁছানোমাত্র স্টিমারটি ছেড়ে দিল। (জটিল)

যেই ঘাটে পৌঁছলাম, অমনি স্টিমারটি ছেড়ে দিল।

অপরাধী বলে শাস্তি তুমি পাবেই। (জটিল)

অপরাধ যখন করেছ, তখন শাস্তি তুমি পাবেই।

বাক্য রূপান্তর

গিরিশিখর হতে নির্ঝরিণী নামিলে কে তার গতিরোধ করে? (জটিল)

যখন গিরিশিখর হতে নির্ঝরিণী নামে তখন কে তার গতিরোধ করে?

তুমি অধম হইলেও আমি উত্তম হইব না কেন? (জটিল)

যদি তুমি অধম হও তবে আমি উত্তম হইব না কেন?

বাক্য রূপান্তর

প্রকৃতির রাজ্যে নিয়ম ভঙ্গ হয় না। (জটিল)

প্রকৃতির রাজ্য এমনই, যেখানে নিয়ম ভঙ্গ হয় না।

মৃতেরা এ পৃথিবীতে ফেরে না কখনো। (জটিল)

মৃত যারা, তারা এ পৃথিবীতে কখনো ফেরে না।

এবার আমার একটা বিচিত্র অভিজ্ঞতা হলো। (জটিল)

এবার আমার এমন একটা অভিজ্ঞতা হলো যা বিচিত্র।

বাক্য রূপান্তর

ভুল সকলেই করে (প্রশ্নবোধক)

ভুল কে না করে?

বাক্য রূপান্তর

শহিদের মৃত্যু নেই । (অস্তিত্বাচক)

শহিদেৱা অমর ।

বাক্য রূপান্তর

তোমার সব জিনিসই দামি। (নেতিবাচক)

তোমার কোনো জিনিসই সস্তা নয়।

বাক্য রূপান্তর

ধনীরা প্রায়ই কৃপণ হয়। (জটিল)

যারা ধনী, তারা প্রায়ই কৃপণ হয়।

বাক্য রূপান্তর

জ্ঞানী হলেও তিনি বিনয়ী নন। (যৌগিক)

তিনি জ্ঞানী কিন্তু বিনয়ী নন।

বাক্য রূপান্তর

যে ভিক্ষা চায়, তাকে দান কর। (সরল)

ভিক্ষুককে দান কর।

বাক্য রূপান্তর

- ভালোবাসার দানে কোনো অপমান নেই। (অস্তিত্বাচক)
- ভালোবাসার দানে অনেক সম্মান আছে।

বাক্য রূপান্তর

যেহেতু গাড়ি আসে নাই, সেহেতু আমরা বিশ্রাম নিতে
পারি। (যৌগিক)

গাড়ি আসে নাই, তাই আমরা বিশ্রাম নিতে পারি।

বাক্য রূপান্তর

- যেমন কর্ম করবে, তেমন ফল পাবে। (সরল)
- কর্ম অনুসারে ফল পাবে।

- আজ চাঁদ উঠেছে। (নেতিবাচক)

- আজ চাঁদ না উঠে পারেনি।

বাক্য রূপান্তর

কোথাও কি তিনি আছেন? (নেতিবাচক)

কোথাও তিনি নেই।

বাক্য রূপান্তর

সন্ধ্যা হয়ে এলো কিন্তু ট্রেনের খোঁজ নেই এখনো। (জটিল)।

যদিও সন্ধ্যা হয়ে এসেছে তবুও ট্রেনের কোনো খোঁজ নেই

বাক্য রূপান্তর

পনের মিনিট পর তিনি এলেন। (যৌগিক)

তিনি এলেন কিন্তু পনের মিনিট পরে।

বাক্য রূপান্তর

পুকুরপাড়ে এখন কেউ নেই। (অস্তিত্বাচক)

পুকুরপাড়ে এখন সবাই অনুপস্থিত।

বাক্য রূপান্তর

আমার দ্বারা এ কাজ করা হবে না। (হ্যাঁ বাচক)

আমার দ্বারা এ কাজ করা অসম্ভব ।

আমি পরীক্ষা দিতে চেয়েছি। (না বাচক)

আমি পরীক্ষা দিতে অনিচ্ছুক নই।

Thank you



800. m/s
5000. (over)

